


সমকাল

বৃহস্পতিবার ॥ ২৪ ফাল্গুন, ১৪২৪ ॥ ৮ মার্চ ২০১৮

(স্ব: ০৭)



ইরি মহাপরিচালকের ত্রি পরিদর্শন

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি) পরিদর্শন করেছেন আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটের (ইরি) মহাপরিচালক ড. ম্যাথিউ মোরেল। বুধবার ত্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর প্রতিষ্ঠানে ড. মোরেল ও তার সফরসঙ্গীদের স্বাগত জানান এবং ইনস্টিটিউটের চলমান কার্যক্রম সম্পর্কে তাকে অবহিত করেন। এ উপলক্ষে আয়োজিত মতবিনিময় সভায় ড. ম্যাথিউ মোরেল বিভিন্ন প্রযুক্তি ও প্রকল্প যেমন- গোন্ডেন রাইস, সি-৪ রাইস, ট্রান্সফর্মিং রাইস ব্রিডিং ইত্যাদি ঘিরে ইরি-ত্রির সহযোগিতা জোরদার করার বিষয়ে আলোচনা করেন।

দক্ষিণ এশিয়ায় ইরি প্রতিনিধি ড. নাফিস মিয়া, ইরির বাংলাদেশ প্রতিনিধি ড. হোমনাথ ভাণ্ডারি, ত্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আনহার আলী, ত্রির পরিচালক (গবেষণা) ড. তমাল লতা ত্রিনিদী, গবেষণা বিভাগগুলোর প্রধানরা, উর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তারা সভায় অংশ নেন। ইরি মহাপরিচালক জলবায়ু পরিবর্তনের প্রভাবের কথা স্মরণ করে বলেন, 'ধান উৎপাদনের ক্ষেত্রে এ দেশে বড় সাফল্য অর্জিত হলেও প্রতিকূল পরিবেশের জন্য এ সাফল্য যে কোনো মুহূর্তে নতুন হুমকির মুখে পড়তে পারে। সে রকম পরিস্থিতি মোকাবেলার জন্য ধান প্রজনন কার্যক্রম তেলে সাজানোসহ নতুন আঙ্গিকে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করতে হবে। ড. মোরেল বাংলাদেশে ভিটামিন এ সমৃদ্ধ গোন্ডেন রাইসের নিয়ন্ত্রিত পরীক্ষণ কার্যক্রম ঘুরে দেখেন।

